

সহীহ দুআ ও যিকর

বিভাগ/অধ্যায়ঃ সুন্নাহতে প্রার্থনামূলক দুআ

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

আল্লাহর সাহায্য ও দ্বীনদারী চাইতে

رَبِّ أَعْيَنِي وَلَا تُعِنِّ عَلَيَّ، وَأَنْصُرْنِي وَلَا تَنْصُرْ عَلَيَّ، وَامْكُرْ لِي وَلَا تَمْكُرْ عَلَيَّ، وَاهْدِنِي وَيَسِّرِ الْهُدَى إِلَيَّ، وَأَنْصُرْنِي
عَلَى مَنْ بَغَى عَلَيَّ، رَبِّ اجْعَلْنِي لَكَ شَكَرًا، لَكَ ذِكْرًا، لَكَ رَهَابًا، لَكَ مَطْوَعًا، إِلَيْكَ مُخْبِتًا أَوْ آهًا مُنِيبًا، رَبِّ تَقَبَّلْ
تَوْبَتِي، وَاغْسِلْ حَوْبَتِي، وَأَجِبْ دَعْوَتِي، وَثَبِّتْ حُجَّتِي، وَاهْدِ قَلْبِي، وَسَدِّدْ لِسَانِي، وَاسْأَلْ سَخِيمَةَ قَلْبِي

উচ্চারণঃ রাব্বি আইন্বী অলা তুইন আলাইয়্যা, অনসুরনী অলা তানসুর আলাইয়্যা, অম্কুর লী অলা তাম্কুর
আলাইয়্যা, অহদিনী অয়্যাসসিরিল হুদা ইলাইয়্যা, অনসুরনী আলা মান বাগা আলাইয়্যা। রাব্বিজআলনী লাকা
শাকিরাল লাকা যা-কিরা, লাকা রাহহা-বাল লাকা মিত্বওয়া-আ, ইলাইকা মুখবিতান আউওয়া-হাম মুনীবা। রাব্বি
তাক্বাব্বাল তাউবাতী, অগসিল হাউবাতী, অআজিব দাওয়াতী, অসাব্বিত হুজ্জাতী, অহদি ক্বালবী, অসাদ্দিদ লিসা-নী,
অলুল সাখীমাতা ক্বালবী।

অর্থঃ হে প্রভু! আমাকে সাহায্য কর এবং আমার বিরুদ্ধে কাউকে সাহায্য করো না। আমার জন্য ছলনা কর এবং
আমার বিরুদ্ধে ছলনা করো না। আমাকে হিদায়াত কর আর আমার জন্য হিদায়াতকে সহজ করে দাও। যে আমার
বিরুদ্ধে বিদ্রোহ করে তার। বিরুদ্ধে আমাকে সাহায্য কর। হে আমার প্রতিপালক! তুমি আমাকে তোমার কৃতজ্ঞ,
তোমাকে স্মরণকারী ও ভয়কারী, তোমার একান্ত অনুগত, তোমার কাছে অনুনয়বিনয়কারী, কোমল হৃদয় বিশিষ্ট
এবং সতত তোমার প্রতি অভিমুখী বানিয়ে নাও। প্রভু গো! তুমি আমার তওবা কবুল কর, আমার গোনাহ ধৌত
কর, আমার প্রার্থনা মঞ্জুর কর, আমার হুজ্জতকে মজবুত কর, আমার হৃদয়কে পথ দেখাও, আমার ভাষাকে
মার্জিত কর এবং আমার অন্তরের ময়লাকে দূর করে দাও। (আঃ দাঃ ২/৮৩। সঃ তিঃ ৩/১৭৮)।

Source — <https://www.hadithbd.com/books/link/?id=11851>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন